১২ ডিসেম্বর চালু হচ্ছে টেলিটকের ফাইভ-জি

দেশে প্রথম পরীক্ষামূলকভাবে ফাইভ-জি সেবা চালু করতে যাচ্ছে রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর টেলিটক। ১২ ডিসেম্বর জাতীয় তথ্যপ্রযুক্তি দিবসে পরীক্ষামূলকভাবে ফাইভ-জি নেটওয়ার্কে প্রবেশ করবে টেলিটক।

এ দিন রাজধানীর ছয়টি টাওয়ার বা বেস ট্রান্সসিভার স্টেশন (বিটিএস) দিয়ে এ নেটওয়ার্ক চালানোর পরীক্ষা শুরু করবে সরকারি অপারেটরটি। এমনটি জানিয়েছেন টেলিটকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. সাহাব উদ্দিন। শনিবার রাজধানীর গুলশানে বিটিসিএল এক্সচেঞ্জ ভবনে আয়োজিত ‘ফাইভ-জি প্রযুক্তি ও টেলিটকের প্রস্তুতি’ শীর্ষক এক কর্মশালায় তিনি এ কথা জানান। টেলিটক এমডি বলেন, ১২ ডিসেম্বর ঢাকার ছয়টি স্থানে ফাইভ-জির পরীক্ষামূলক কার্যক্রম শুরু হবে।

বাণিজ্যিকভাবে গ্রাহকদের জন্য ২০২২ সালের মধ্যে ঢাকায় ২০০টি স্থানে এ সেবা চালু করা হবে। পর্যায়ক্রমে তা ঢাকাসহ অন্যান্য স্থানে বিস্তৃত করা হবে। গ্রামাঞ্চলে টেলিটকের নেটওয়ার্ক সম্প্রসারণে একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে জানিয়ে তিনি বলেন, ইতোমধ্যে হাওড়-বাঁওড়ে নেটওয়ার্ক সম্প্রসারিত হয়েছে। এসব এলাকায় ডাটার ব্যবহার অনেক বেড়েছে। সবচেয়ে কম রেটে টেলিটক ডাটা সুবিধা দেবে। কম দামে ফাইভ-জি হ্যান্ডসেট দিতে পারলে অনেক লাভবান হওয়া যাবে।

সাহাব উদ্দিন বলেন, আমরাই প্রথম করোনাকালে শিক্ষার্থীদের অনলাইনে বিনামূল্যে ডাটা দিয়ে ক্লাস করার সুযোগ দিয়েছি। ৩৬ হাজার সিম দিয়ে সেই কার্যক্রম শুরু করা হলেও বর্তমানে সেই সংখ্যা এক লাখ ১২ হাজারে দাঁড়িয়েছে।

কর্মশালায় ফাইভ-জির প্রস্তুতি নিয়ে বক্তব্য রাখেন টেলিটকের বিক্রয়, বিতরণ ও গ্রাহক সম্পর্ক বিভাগের মহাব্যবস্থাপক (জিএম) শেখ ওয়াহিদুজ্জামান, টিআরএনবি সভাপতি রাশেদ মেহেদী ও সাধারণ সম্পাদক সমীর কুমার দে ও টেলিটকের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

[redacted]

[redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [

খবরে বলা হয়য়, নতুন আইফোন ১৩-এর চাহিদানুযায়ী সরবরাহের যে ঘাটতি রয়েছে তা অন্তত আগামী ফেব্রুয়ারির আগে পূরণ হবে না। অ্যাপলের প্রচুর অর্থ বিনিয়োগ কিছু জায়গায় চিপ সংকটকে সীমিত করতে সাহায্য করেছে। টিএসএমসি তাদের উৎপাদনের অধিকাংশই অ্যাপলের চিপের জন্য বরাদ্দ করে রেখেছে।

তারপরেও কিছু চিপ সংকট থেকেই যাচ্ছে এবং আইফোন উৎপাদনকে ব্যহত করছে। বিনিয়োগকারীদের কাছে এক নোটে টিম কুক বলেছেন, গত প্রান্তিকে কম্পোনেন্ট সরবরাহ জটিলতার কারণে কোম্পানির ৬ বিলিয়ন ডলার ক্ষতি হয়েছে এবং শুধু চলতি বছরের শেষ তিন মাসে এ সংখ্যা বাড়তে পারে।

বন্ধ হলো ‘ইওর নিউজ আপডেট’

প্রযুক্তি জায়ান্ট গুগলের ‘ইওর নিউজ আপডেট’ ফিচার বন্ধ করেছে প্রতিষ্ঠানটি। এ ফিচারটির মাধ্যমে ব্যবহারকারী পছন্দনীয় সংবাদ সাজিয়ে দিতো গুগল এবং তা পড়ে শোনানো হতো ব্যবহারকারীকে। সংবাদ বাছাইয়ের কাজটি গুগল করত ব্যবহারকারীর ডেটার ভিত্তিতে।

কিন্তু এখন আর গুগল ব্যবহারকারীর ডেটার ভিত্তিতে সংবাদ বাছাই করে দেবে না। ২০১৯ সালে বাজারে প্রচলন হয়েছিল ‘ইওর নিউজ আপডেট’ ফিচারটির। মূল লক্ষ্য ছিল, অ্যালগরিদমিক অডিও ফিডের মাধ্যমে ব্যবহারকারীদের ছোট সংবাদ আপডেট দেওয়া।

বিশেষায়িত নিউজ ফিড তৈরিতে ব্যবহারকারীর পছন্দ, অবস্থান, ইউজার হিস্ট্রি ও আগ্রহের মতো তথ্যগুলো আমলে নিতো গুগল এবং ‘লাইসেন্সড’ অংশীদারদের সুনির্দিষ্ট বিষয়ের খবর শোনাত। পরে দীর্ঘ কন্টেন্টও যোগ হয়েছিল গুগলের সেবাটিতে। ‘ইওর নিউজ আপডেট’ বন্ধ করে দেওয়ার খবর প্রথম জানিয়েছে ৯টু৫ গুগল।

প্রযুক্তিবিষয়ক সাইটটি এক প্রতিবেদনে জানিয়েছে, ওই ফিচারের ব্যবহারকারীদের মেসেজ পাঠিয়ে এ বিষয়ে অবহিত করেছে গুগল। এ ছাড়াও ‘গুগল পডকাস্টের’ এক্সপ্লোর ট্যাব থেকেও ফিচারটিকে সরিয়ে নেওয়া হয়েছে।

৫০ লাখ ইমেইল ফাঁস

প্রায় ৫০ লাখ গ্রাহকের ইমেইল ঠিকানা একটি তৃতীয় পক্ষ হাতিয়ে নিয়েছে বলে জানিয়েছে রবিনহুড মার্কেটস ইনকর্পোরেশন। সোমবার কোম্পানিটির পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। কোম্পানিটি আরও জানিয়েছে, হ্যাকাররা আরও ২০ লাখ গ্রাহকের পূর্ণ নাম চুরি করেছে। যার মধ্যে ৩১০ জনের ব্যক্তিগত তথ্য যেমন- নাম, জন্ম ও তারিখ এবং জিপ কোডের তথ্য রয়েছে।

রবিনহুড বিশ্বাস করে এ সাইবার আক্রমণের মাধ্যমে কোনো সামাজিক নিরাপত্তা নাম্বার, ব্যাংক অ্যাকাউন্ট নাম্বার অথবা ডেবিট কার্ডের তথ্য ফাঁস হয়নি। গত ৩ নভেম্বর ঘটে যাওয়া এ আক্রমণে কোনো গ্রাহকের আর্থিক ক্ষতি হয়নি বলে জানিয়েছে রবিনহুড। হ্যাকাররা একজন গ্রাহকসেবা কর্মীকে ফোন করে ব্যস্ত রাখে এবং গ্রাহকসেবা সিস্টেমের কিছু অংশের অ্যাক্সেস নিয়ে নেয়। হ্যাকাররা হাতিয়ে নেওয়া তথ্যের বিপরীতে অর্থ দাবি করেছে। এদিকে এ ঘটনায় রবিনহুডের শেয়ার মূল্য ৩ শতাংশ হ্রাস পেয়েছে।

উইন্ডোজ ১১-পরবর্তী প্রজন্মের ব্যবহারকারীদের পছন্দের শীর্ষে

বর্তমানে কম্পিউটার আমাদের জীবনে আরও বেশি অপরিহার্য হয়ে উঠেছে। তাই এর নিরাপত্তাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিরাপদ এবং মানুষকে আরও কার্যক্ষম ও সৃজনশীল করে তোলার লক্ষ্যে মার্কিন প্রযুক্তি জায়ান্ট মাইক্রসফট তাদের অপারেটিং সিস্টেম উইন্ডোজ ১১ ডিজাইন করেছে। জানা গেছে, উইন্ডোজ ১০ থাকা পিসিগুলোতে বিনামূল্যে উইন্ডোজ ১১ এ আপগ্রেড করবে মাইক্রোসফট। এ ছাড়া নতুন পিসিতে উইন্ডোজ ১১ প্রাক-ইনস্টল করা থাকবে বলেও জানিয়েছে মাইক্রোসফট।

উইন্ডোজ ১১-তে বিশেষ ফিচার

নতুন স্টার্ট মেনু ও টাস্কবার থেকে শুরু করে শব্দ, ফন্ট এবং আইকন পর্যন্ত প্রত্যেক ফিচারে ব্যবহারকারীরা উইন্ডোজ ১১-এ পাবেন আরও আধুনিক, ফ্রেশ ও চমৎকার অভিজ্ঞতা। কেন্দ্রে থাকা স্টার্ট মেনুর সাহায্যে ব্যবহারকারীরা সহজেই তাদের পছন্দের কনটেন্ট অথবা অ্যাপে যেতে পারবেন। মাইক্রোসফট টিমস এ ব্যবহারকারীরা তাদের প্রিয় মানুষের সঙ্গে সংযুক্ত থাকার চমৎকার একটি অভিজ্ঞতা নিতে পারবেন। উইন্ডোজ, ম্যাক, অ্যান্ড্রয়েড অথবা আইওএস যে কোনো ডিভাইস অথবা প্ল্যাটফরমে থাকা ব্যবহারকারীই শুধু একটি ক্লিকের মাধ্যমেই ব্যক্তিগত কন্টাক্টে থাকা মানুষের সঙ্গে চ্যাট, ভয়েস ও ভিডিও কলের মাধ্যমে যোগাযোগ করতে পারবেন।

সৃজনশীল যাত্রায় নতুন অভিজ্ঞতা

স্কুল প্রজেক্ট, কাজের জন্য প্রেজেন্টেশন তৈরি করা, নতুন অ্যাপ তৈরি করা অথবা নতুন আইডিয়া নিয়ে আসা-সব ক্ষেত্রেই উইন্ডোজ ১১ ব্যবহারকারীদের চমৎকার নতুন একটি অভিজ্ঞতা দেবে। এর স্ন্যাপ লে-আউট ও গ্রুপসের মতো ফিচারের মাধ্যমে ব্যবহারকারীরা আরও দুর্দান্তভাবে মাল্টি-টাস্কিং করতে পারবেন এবং এটি দৃশ্যত আরও স্পষ্টভাবে স্ক্রিন রিয়েল এস্টেট অপ্টিমাইজ করে। এর ডেস্কটপ মেনুর মাধ্যমে ব্যবহারকারীরা ব্যক্তিগত ডেস্কটপ তৈরি করতে পারবেন, যার বিভিন্ন অ্যাপ তাদের আরও গোছানো ও মনোযোগী হতে সাহায্য করবে।

গেমিংয়ের উপযোগী উইন্ডোজ ১১

উইন্ডোজ ১১ গেমিংয়ের জন্য উপযোগী করে তৈরি করা হয়েছে। এর অত্যাধুনিক উদ্ভাবনী ফিচার ব্যবহারকারীদের পিসি গেমিং অভিজ্ঞতায় নতুন মাত্রা যোগ করবে। বিস্তৃত রেঞ্জের কালার ও ব্রাইটনেস প্রদান করে এ অপারেটিং সিস্টেম এইচডিআর-সক্ষম ডিসপ্লের পিসিকে স্বয়ংক্রিয়ভাবে ১০০০ ডাইরেক্টএক্স ১১ ও ডাইরেক্টক্স ১২-এ আপগ্রেড করবে। মাইক্রোসফট গেমারদের পছন্দকে গুরুত্ব দেয়, তাই উইন্ডোজ ১১-এ গেম অনুসারে অটো এইচডিআর চালু ও বন্ধের ব্যবস্থা রাখা হয়েছে। উইন্ডোজ ১১ এ ডিরেক্টস্টোরেজ’র সাপোর্ট সংযোজন করা হয়েছে, যে ফিচারটি প্রথম এক্সবক্স সিরিজ এক্স ও এক্সবক্স সিরিজ এস কনসোলে চালু করা হয়েছিল।

এ সম্পর্কে মাইক্রোসফট বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক ইউসুপ

ফারুক বলেন, ‘কোটি কোটি মানুষের কাজের, কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানোর এবং প্রিয় মানুষের সঙ্গে সংযুক্ত হওয়ার চমৎকার একটি প্ল্যাটফরম এ উইন্ডোজ ১১-কে পরবর্তী প্রজন্মের উইন্ডোজের সূচনা হিসাবে বিবেচনা করা যায়। উইন্ডোজ ১১-এর মাধ্যমে আমরা ব্যবহারকারীদের পূর্ণাঙ্গ অভিজ্ঞতাকে নতুন করে সাজিয়েছি, যা আপনাকে আপনার পছন্দের জিনিসের আরও কাছাকাছি নিয়ে যাবে, সৃষ্টিশীল হতে সহায়তা করবে এবং নতুন কিছু তৈরিতে অনুপ্রেরণা দেবে। বাংলাদেশে নতুন উইন্ডোজ ১১ আনতে পেরে আমরা আনন্দিত।’

মহাকাশ স্টেশনের টয়লেট নষ্ট, ডায়াপার পরে আছেন ৪ নভোচারী

আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে টয়লেট নষ্ট হওয়ায় বিপাকে পড়েছেন ৪ নভোচারী। এসব নভোচারীদের থাকতে হচ্ছে ডায়াপার পরে।

লন্ডনভিত্তিক গণমাধ্যম স্কাই নিউজ এ তথ্য জানায়।

নাসার নভোচারী মেগান ম্যাকআর্থারের কাছে এ ঘটনা ‘সন্তোষজনক নয়’ কিন্তু পরিচালনাযোগ্য।

মেগান ম্যাকআর্থার অরবিট থেকে প্রেস কনফারেন্সে বলেন, স্পেসফ্লাইট অসংখ্য ছোট ছোট চ্যালেঞ্জে পরিপূর্ণ, এটি তার মধ্যে একটি। তাই আমরা এটি নিয়ে খুব একটা চিন্তিত নই।

এ চার নভোচারী হলেন— জাপান অ্যারোস্পেস এক্সপ্লোরেশন এজেন্সির আকিহিকো হোশিদে, নাসার শেন কিমব্রো ও মেগান ম্যাকআর্থার এবং ইউরোপিয়ান স্পেস এজেন্সির থমাস পেসকাট।

এই চার নভোচারী ২৩ এপ্রিল মহাকাশে যান। সে অনুযায়ী মহাকাশে তারা আছেন ১৯৭ দিন ধরে। নাসা দ্রুত তাদের পৃথিবীতে ফিরিয়ে আনার চেষ্টা করছে।

কিন্তু আবহাওয়া খারাপ থাকায় ফ্লোরিডার কেপ ক্যানাভেরাল থেকে কিছুতেই উৎক্ষেপণ করা সম্ভব হচ্ছে না স্পেস এক্স-এর রকেট। ফলে,

ডায়াপার পরে পৃথিবীতে ফিরে আসার জন্য অপেক্ষা করতে হচ্ছে মহাকাশ স্টেশনে থাকা এই চার নভোচারীকে।

শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফটের সাশ্রয়ী মূল্যের ল্যাপটপ

মার্কিন প্রযুক্তি জায়ান্ট মাইক্রোসফট শিক্ষার্থীদের জন্য স্বল্পমূল্যে কম্পিউটার দেওয়ার লক্ষ্যে কাজ করছে। উইন্ডোজ সেন্ট্রালের এক প্রতিবেদন অনুসারে শিক্ষা খাত সামনে রেখে মাইক্রোসফট কম দামের ল্যাপটপ নিয়ে আসবে।

মূলত শিক্ষার্থীদের আরও সাশ্রয়ী মূল্যে ল্যাপটপ সরবরাহের লক্ষ্যে মাইক্রোসফট এ উদ্যোগ গ্রহণ করেছে। নতুন এসব ল্যাপটপের কোডনেম টেনজিন; যা ১৩৬৬*৭৬৮ পিক্সেল রেজুলেশনযুক্ত ১১.৬ ইঞ্চি ডিসপ্লে এবং ইন্টেল কেলেরন এন৪১২০ প্রসেসর চালিত।

পাশাপাশি ৮ জিবি র্যামও এতে থাকবে বলে বলা হয়েছে। টেনজিনের বাহ্যিক অংশ হবে সম্পূর্ণ প্লাস্টিক। পরিপূর্ণ আকারের একটি কীবোর্ড, ট্র্যাকপ্যাড, ইউএসবি-এ পোর্ট, ইউএসবি-সি পোর্ট, হেডফোন জ্যাক এবং একটি ব্যারেল-স্টাইল এসি পোর্ট এতে যুক্ত রয়েছে। সংশ্লিষ্ট সূত্র অনুযায়ী, মাইক্রোসফট তাদের ল্যাপটপ ব্র্যান্ড সারফেসের অধীনে এসব ল্যাপটপ চালু করবে।

যার নাম হতে পারে ল্যাপটপ এসই, যেখানে এসই-এর অর্থ স্টুডেন্ট এডিশন বা স্কুল এডিশন (বাংলায় যা ছাত্র সংস্করণ বা স্কুল সংস্করণ)। গুজব রয়েছে, টেনজিন ল্যাপটপের বাজারমূল্য ৪০০ ডলারেরও কম পড়তে পারে। এ বছরের শেষ নাগাদ এ বিষয়ে আনুষ্ঠানিক ঘোষণা আসার কথা থাকলেও এখন পর্যন্ত মাইক্রোসফটের পক্ষ থেকে কোনো ইঙ্গিত দেওয়া হয়নি।

[redacted]

[redacted]

আসছে পাবজি নিউস্টেট

আগামী ১১ নভেম্বর মুক্তি পাচ্ছে বহুল কাঙ্ক্ষিত মোবাইল গেম পাবজি: নিউ স্টেট। গেমটির প্রকাশনা প্রতিষ্ঠান ক্রাফটন তাদের শোকেসিং ইভেন্টে এ ঘোষণা দেয়। দক্ষিণ কোরিয়াভিত্তিক প্রতিষ্ঠানটির বরাতে জানা গেছে, নতুন মোবাইল গেমটি ২০০টিরও বেশি দেশে অ্যান্ড্রয়েড এবং আইওএস উভয় প্ল্যাটফরমেই খেলা যাবে। তবে তার আগে ভারতসহ বিশ্বের ২৮টি দেশে এর একটি চূড়ান্ত প্রযুক্তিগত পরীক্ষা পরিচালিত হবে যা ২৯-৩০ অক্টোবর পর্যন্ত চলবে। এসব দেশের মধ্যে রয়েছে বাহরাইন, কম্বোডিয়া, মিসর, হংকং, ইন্দোনেশিয়া, ইরাক, জাপান, জর্ডান, কোরিয়া, কুয়েত, লাওস, লেবানন, ম্যাকাও, মালয়েশিয়া, মালদ্বীপ, মিয়ানমার, নেপাল, ওমান, ফিলিপাইন, কাতার, সৌদি আরব, সিঙ্গাপুর, শ্রীলংকা, তাইওয়ান, থাইল্যান্ড, তুরস্ক, সংযুক্ত আরব আমিরাত এবং ইয়েমেন।

সংশ্লিষ্ট সূত্রমতে, ফেব্রুয়ারির পর থেকে পাবজি: নিউ স্টেট গেমটির ৫০ মিলিয়নেরও বেশি প্রাক-নিবন্ধন সম্পন্ন হয়েছে। যা গেমটির প্রচারের পর থেকে বিশ্বব্যাপী শুরু হয়। যদিও ভারতে এটি আরও আগে অর্থাৎ সেপ্টেম্বরে প্রচার শুরু হয়েছিল। পাবজি: নিউ স্টেট মোবাইল ডিভাইস ব্যবহারকারীকে পরবর্তী প্রজন্মের ব্যাটল রয়্যাল গেমের অভিজ্ঞতা প্রদান করবে। এ জন্য গেমটিতে যুক্ত করা হয়েছে সম্পূর্ণ নতুন রেন্ডারিং টেকনোলজি এবং একটি গানপ্লে সিস্টেম, যা সচরাচর পাবজি: ব্যাটলগ্রাউন্ডস-এর পিসি সংস্করণে পাওয়া যায় বা এর সমতুল্য বলে মনে করা হয়। ইউটিউবে করা এক লাইভ স্ট্রিম ইভেন্টে ক্রাফটন জানায়, পাবজি: নিউ স্টেট বিশ্বব্যাপী ১৭টি ভিন্ন ভাষায় ফ্রি-টু-প্লে মোবাইল গেম হিসাবে আত্মপ্রকাশ করবে। এ ছাড়া পিসি এবং কনসোলের জন্য আসল পাবজি: ব্যাটলগ্রাউন্ডস-এর মতো, পাবজি: নিউ স্টেটও পাবজি স্টুডিও দ্বারা ডেভেলপ করা হচ্ছে। যা নতুন মানচিত্র ও উন্নত গেমপ্লে নিশ্চিতকরণে কাজ করবে।